

সেবা প্রদানে প্রতিশ্রুতি বিষয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মাহুদুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর

তারিখ : ২১শে মে, ২০২৩ খ্রি:

সময় : দুপুর ০১:০০ ঘটিকা

স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর।

উপস্থিতি: পরিশিষ্ট 'ক'


সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। উপস্থিত সকল কর্মকর্তা এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাদের সেবা প্রদান প্রতিশ্রুতি সম্পর্কিত বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করা হয়। এ কার্যালয়ের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.৩ কার্যক্রম অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভা আয়োজনের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। এ কার্যালয়ের আওতাধীন অফিসের সেবাসমূহকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা এই তিন ভাগে বিভক্ত করে সেবা প্রদান প্রতিশ্রুতির নির্ধারিত ফরমেটে ৮ কলামে প্রস্তুতপূর্বক সেবাসমূহের বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ, ওয়েবসাইট হালনাগাদকরণের জন্য অনুরোধ করেন।

এরপর সভায় আওতাধীন অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতির বিষয়ে আলোচনান্তে নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ: আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ বিষয়ে আলোচনা করা হয়। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), নাটোর ওয়েবসাইট পর্যালোচনা করে দেখা যায় যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কোন সেবা বন্ধ তৈরি করা হয়নি। এতে সেবা প্রত্যাশীগণ ভোগান্তির স্বীকার হচ্ছেন। প্রত্যেক অফিসের ওয়েবসাইটে মন্ত্রিপরিষদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি নির্দেশিকা মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতিকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা হিসেবে তিন ভাগে প্রস্তুত করে নির্ধারিত ফরমেটে ৮ কলামে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদপূর্বক ওয়েব সাইটের নির্ধারিত সেবা বক্সে আপলোড করা প্রয়োজন।	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রতিটি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতিকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা হিসেবে শ্রেণীবিন্যাস করে ৮ কলামের নির্ধারিত ফরমেটে হালনাগাদপূর্বক ওয়েব সাইটের সংশ্লিষ্ট সেবা বক্সে আপলোড করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), নাটোর
০২	সেবা প্রদান প্রতিশ্রুতির ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ : আওতাধীন অফিসের ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ বিষয়ে সভায় আলোচনা হয়। প্রতিটি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করে সেবা বক্সে আপলোড হবে মর্মে সভায় আলোচিত হয়।	প্রতিটি জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইটে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য ও নিয়োগ আদেশ নির্দিষ্ট সেবা বক্সে আপলোড করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), নাটোর
০৩	সভায় সেবা সংক্রান্ত সেবা প্রত্যাশী নাগরিকদের নিকট চাহিত সেবা প্রাপ্তির তথ্য সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি করার জন্য সকলকে সচেতন থাকার বিষয়ে আলোচনা সভায় আলোচিত হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সময়ের মধ্যে নির্দিষ্ট সেবা প্রদানে সকলকে সচেতন হতে হবে।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল)

০৪	সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদকরণের বিষয়ে আলোচনা করা হয়। বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদ করতে হবে	সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল)
----	---	---	------------------------------

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 মোঃ মাছুদুর রহমান
 অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
 ও
 ফোকাল পয়েন্ট কর্মকর্তা
 সেবা প্রদান প্রতিশ্রুতি পরীক্ষণ কমিটি
 জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
(সাধারণ শাখা)
www.natore.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৩.৬৯০০.০০৬.৩২.০০১.২১. ৩৫৫

তারিখ : ০৫ জ্যৈষ্ঠ, ১৪৩০
২২ মে, ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে:

- ১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ২। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), নাটোর।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা..... (সকল), নাটোর।
- ৪।

Fasin
২২.০৫.২৩
(ইয়াসীন সাদেক)
সহকারী কমিশনার

জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
টেলিফোন: +৮৮ ০২৫৮৮৮৭২২৮৭